Manusher Jonno Foundation

Canada

ক্ষুদ্র অনুদানের জন্য আবেদন নির্দেশিকা (Fast Response Fund)
উইমেন'স ভয়েস অ্যান্ড লিডারশিপ বাংলাদেশ
মানুষের জন্য ফাউন্ডেশন

১. ভূমিকা

উইমেন'স ভয়েস অ্যান্ড লিডারশিপ কানাডার নতুন আন্তর্জাতিক নারীবাদী সহায়তা নীতিমালার অধীনে গৃহীত একটি বৈশ্বিক উদ্যোগ। উন্নয়নশীল দেশের নারী ও কিশোরীদের ক্ষমতায়নকে ত্বরান্বিত করতে, জেন্ডার সমতা প্রতিষ্ঠা এবং নারী ও কিশোরীদের মানবাধিকার রক্ষায় যুক্ত স্থানীয় নারী অধিকার সংগঠন, নেটওয়ার্ক, কোয়ালিশনকে প্রয়োজনীয় কারিগরী ও আর্থিক সহায়তা প্রদান করার উদ্দেশ্যে এই উদ্যোগ গৃহীত হয়।

মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) বাংলাদেশে উইমেন'স ভয়েস অ্যান্ড লিডারশিপ– বাংলাদেশ নামে এই প্রকল্পটি বাস্তবায়ন করছে। এই প্রকল্পের লক্ষ্য হলো স্থানীয় ও আঞ্চলিক নারী অধিকার সংগঠনসমূহের নারী ও কিশোরীদের ক্ষমতায়িত করার জন্য নারী ও কিশোরীদের অধিকার সুরক্ষা এবং জেন্ডার সমতা অর্জনের লক্ষ্যে সহায়তা করা।

"উইমেন'স ভয়েস অ্যান্ড লিডারশিপ– বাংলাদেশ" প্রকল্পের আওতায় ফাস্ট রেসপন্স ফান্ড এর জন্য সম্ভাব্য আবেদনকারী যারা মানুষের জন্য ফাউন্ডেশনের নিকট অনুদানের জন্য আবেদন করতে আগ্রহী, তাদের জন্য এই নির্দেশিকাটি তৈরি করা হয়েছে।

২. এই অনুদানের/ তহবিলের উদ্দেশ্য

ফাস্ট রেসপন্স ফান্ড এর আওতায় ক্ষুদ্র অথবা জরুরী একক কোন কাজ/ একাধিক কর্মসূচী আয়োজন, নারী অধিকার সংশ্লিষ্ট কার্যক্রম থেকে প্রাপ্ত ধারণা ও উদ্যোগের পরীক্ষামূলক বাস্তবায়ন করার জন্য দ্রুত সহযোগিতা প্রদানের সুযোগ অন্তর্ভূক্ত রয়েছে। তাৎক্ষণিক কোন ঘটনা বা উদ্ভূত পরিস্থিতিতে স্থানীয় ক্ষুদ্র নারী অধিকার সংগঠন/ নেটওয়ার্ক/ কোয়ালিশন যদি ব্যতিক্রমী অথবা উদ্ভাবনীমূলক কোন উদ্যোগ গ্রহণ করতে চায় তাহলে যাতে তাদের জরুরী ভিত্তিতে আর্থিক সহযোগিতা প্রদান করা যায়, সেই বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে এই তহবিল গঠন করা হয়েছে।

অনুদানের/ তহবিলের উদ্দেশ্য হলো:

- নারী, কিশোরী, হিজড়া, লিঙ্গবৈচিত্র্যময় নারী অথবা ট্রান্সজেন্ডারদের সুযোগকে প্রসারিত করে এমন কোন কাজ/ অনুষ্ঠান অথবা স্বতন্ত্র কর্মসূচী আয়োজন, নারী অধিকার সংশ্লিষ্ট কার্যক্রম থেকে প্রাপ্ত ধারণা ও উদ্যোগের পরীক্ষামূলক বাস্তবায়নকে দ্রুত ও সময়োচিত করা।
- নারী অধিকার বিষয়ক চর্চা/ উদাহরণ/ উত্তম শিক্ষণগুলোর পুনরাবৃত্তিতে সহায়তা প্রদান করা।
- বিভিন্ন স্তরে জেন্ডার সমতার বিষয়কে এগিয়ে নিয়ে যাওয়া।
- স্থানীয়/ জাতীয় পর্যায়ের নির্ধারিত কিছু সীমিত উদ্যোগ/ অ্যাডভোকেসি কার্যক্রমকে সহায়তা করা।

৩. আবেদনের যোগ্যতা:

এই তহবিলের আওতায় এমজেএফ বিভিন্ন ব্যতিক্রমী এবং উদ্ভাবনী উদ্যোগকে সহায়তা করতে ইচ্ছুক-

- যে কোন নিবন্ধিত বা অনিবন্ধিত সংস্থা, কমিউনিটিভিত্তিক দল/ ক্ষুদ্র সংগঠন (যেমন: প্রান্তিক নারী বেদে/ হিজড়া/ ট্রান্সজেন্ডার, লিঙ্গবৈচিত্র্যময় নারী দল/ সংগঠন ইত্যাদি), বিষয়ভিত্তিক নারী ফোরাম, যেমন: নারী সাংবাদিক ফোরাম, নারী ব্যবস্থাধীন/ পরিচালিত টিভি চ্যানেল ও রেডিও, নারী সাংস্কৃতিক বা থিয়েটার গ্রুপ/ ক্লাব, নারী শিক্ষার্থী ফোরাম/

শিক্ষা প্রতিষ্ঠান, যুব নারী/ কিশোরী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সামাজিক সেবামূলক ক্লাব/ রোভার স্কাউট/ সোস্যাল মিডিয়া ফোরাম/ নৃত্যদল/ সঙ্গীত গোষ্ঠী, নারী লেখক ফোরাম, নারী ব্যবসায়ী এবং সাংবাদিক ফোরাম/ গোষ্ঠী, আইসিটি কেন্দ্রিক নারী সংগঠন ইত্যাদি।

- যারা নারীবাদ, জেন্ডার সমতা, নারীর ক্ষমতায়ন, পিছিয়ে থাকা নারীদের অধিকার, পিতৃতন্ত্রের প্রচলিত রীতিনীতির বিরোধিতা, নারীর নিরাপত্তা ও সুরক্ষা, নারীবাদী নেতৃত্ব, নারী উন্নয়ন ইত্যাদি প্রাসঙ্গিক বিষয়গুলোকে প্রচার ও সমর্থন করে।
- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে এবং যথাযথভাবে চুক্তি সম্পাদনে সক্ষম হতে হবে।

৪. কর্মযোগ্যতা:

- বিভিন্ন প্রাসঙ্গিক প্রেক্ষাপটে, যেমন- সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, ক্রীড়া, ব্যবসা, মিডিয়া ইত্যাদি প্রেক্ষাপটে নারী অধিকার/ জেন্ডার সমতা/ নারীর ক্ষমতায়ন/ নারী নেতৃত্ব বিষয়ে কাজের বাস্তব অভিজ্ঞতা/ সক্ষমতা থাকতে হবে।
- বিষয়ভিত্তিক কাজের অভিজ্ঞতা যেমন: নারীর সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক অধিকার বিষয়ে বা পিছিয়ে পড়া/ প্রান্তিক অথবা ক্ষমতাহীন নারী, কিশোরী, হিজড়া/ লিঙ্গবৈচিত্র্যময় নারী/ ট্রান্সজেন্ডারদের সাথে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

অন্যান্য কর্মদক্ষতা, যা আবেদন করার জন্য বাধ্যতামূলক নয় তবে আবেদনকারীর কার্য সম্পাদনের জন্য সুবিধা হতে পারে:

- নারীর রাজনৈতিক ক্ষমতায়নকে বিস্তৃত করার জন্য অধিকারভিত্তিক পদ্ধতির (Rights-based approach) প্রয়োগ এবং নারী অধিকার নিশ্চিতে নারীদের চাহিদা ও তাদের দাবীকে সামনে এগিয়ে নেয়ার অভিজ্ঞতা।
- বিভিন্ন স্টেকহোল্ডারদের/ অংশীজনের সাথে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নের অভিজ্ঞতা।

৫. যে বিষয়গুলো অযোগ্যতা বলে বিবেচিত হবে

প্রস্তাবনা গৃহীত না হওয়ার সাধারণ কারণসমূহ:

- মূলধন সংগ্রহ বা ভৌত অবকাঠামো তৈরীর জন্য আর্থিক সহায়তা চাওয়া।
- কোন সংগঠন ইতিমধ্যে "উইমেন'স ভয়েস অ্যান্ড লিডাফশিপ–বাংলাদেশ" (WVLB) প্রকল্প থেকে অনুরূপ কার্যক্রমের জন্য আর্থিক সহায়তা পেয়ে থাকলে।
- দলীয় রাজনীতির সাথে যুক্ত প্রতিষ্ঠান/ কোন রাজনৈতিক দলের প্রতি অনুগত/ দলীয় রাজনীতিকে প্রচার করেন/ দলীয় রাজনৈতিক উদ্দেশ্যে পরিচালিত কার্যক্রম/ সংগঠনের নির্বাহী প্রধান যদি কোন রাজনৈতিক দলের আনুষ্ঠানিক কোন পদে থাকেন।
- একই বছরে একই সংস্থাকে দুইবারের বেশি অর্থায়ন করা হবে না।
- শুধুমাত্র গবেষণা, জরিপ, উচ্চশিক্ষার জন্য অনুদান/ বৃত্তি ইত্যাদি।
- প্রস্তাবিত কর্মসূচি/ উদ্যোগ একক কোন ব্যক্তির অধীন হলে।

৬. সময়কাল

- প্রস্তাবিত কর্মসূচিটি একমাসের মধ্যেই শেষ হতে পারে এমন কোন ইভেন্ট/ কার্যক্রম হতে পারে অথবা
- সুনির্দিষ্ট উদ্দেশ্যের আলোকে গৃহীত কোন একাধিক, একগুচ্ছ ইভেন্ট/ কর্মসূচি হলে তা তিন থেকে সর্বোচ্চ ছয় মাস ব্যাপী হতে পারে।

৭. অনুদানের আকার

কর্মসূচীর উদ্দেশ্যের উপর ভিত্তি করে অনুদানের আকার সর্বোচ্চ ৩,০০,০০০ (তিন লক্ষ টাকা) হতে পারে। চুক্তিভুক্ত অর্থের পরিমাণ নির্ধারিত হবে প্রস্তাবিত কাজের পরিকল্পনা, কাজের সংখ্যা/ ইভেন্টের সংখ্যাসহ সার্বিক কার্যক্রমের উপর। চূড়ান্তভাবে নির্বাচিত আবেদনকারীর প্রস্তাবিত কার্যক্রমের বিচার বিশ্লেষণ পূর্বক এমজেএফ আবেদনকারীর সাথে আলোচনা সাপেক্ষে বাজেট নির্ধারণ করবে। বিশেষ ক্ষেত্রে, ব্যতিক্রমী এবং নারী অধিকার সংশ্লিষ্ট কার্যক্রম থেকে প্রাপ্ত ধারণা ও উদ্যোগের পরীক্ষামূলক অথবা

উদ্ভাবনী ধারণাগুলো যদি জাতীয় ক্ষেত্রে বিশেষ কোন অবদান/ পরিবর্তন আনতে সক্ষম হয় সেক্ষেত্রে মানুষের জন্য ফাউন্ডেশন বিশেষ বিবেচনায় বর্ধিত বাজেট অনুমোদন করতে পারে।

৮. আবেদন প্রক্রিয়া

আবেদন করার জন্য প্রয়োজনীয় বিষয়:

- আগ্রহী প্রার্থীর উপরে বর্ণিত আবেদনের যোগ্যতাসমূহ পূরণ হলে আবেদন করতে পারবে।
- প্রদত্ত ফরম্যাট/ ছক অনুযায়ী আগ্রহী প্রার্থী কর্মসূচির পরিকল্পনা জমা দিবেন।
- প্রস্তাবনা বাংলা বা ইংরেজিতে লেখা যেতে পারে।
- আবেদনকারী এক্সেল ফরমেটে সম্ভাব্য সকল ব্যয়ের খাত উল্লেখপূর্বক বাজেট করে কর্মসূচির প্রস্তাবনাসহ পিডিএফ ফাইল একত্রে জমা দেবেন।

আপনার আবেদন সরাসরি নিম্নোক্ত ইমেইলে অথবা নিম্ন ঠিকানায় হার্ডকপি জমা দিতে পারেন:

ইমেইল: mohuya@manusher.org (আরো তথ্য পেতে এই মেইলে যোগাযোগ করতে পারেন)

ডাক ঠিকানা:
উইমেন'স ভয়েস অ্যান্ড লিডারশিপ– বাংলাদেশ (WVLB) প্রকল্প
মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ)
প্লট: ৩ ও ৪, এভিন্যু ৩, হাজী রোড,
রূপনগর হাউজিং এস্টেট, মিরপুর- ২, ঢাকা ১২১৬
ফোন: +৮৮০-২-৫৮০৫৩১৯১-১৯৮ (এক্সটেনশন ৩০১)

আবেদনের ছক (in MS word)

আবেদনকারীর তথ্য	
নাম	
ঠিকানা	
যোগাযোগকারী ব্যক্তির নাম	
ফোন নাম্বার	
ই-মেইল	
যোগাযোগের ঠিকানা	
সংস্থার ধরন	
সংস্থার আইনগত পরিচিতি/ নিবন্ধন নাম্বার/ অন্যান্য পরিচিতি (যদি থাকে)	
প্রস্তাবিত কাজ	
প্রস্তাাবিত কাজের উদ্দেশ্য	
প্রস্তাবিত কর্মসূচি বর্ণনা (সংক্ষেপে) এবং প্রস্তাবিত কাজগুলো কি কি (উদাহরণ: কাজ ১, কাজ ২, কাজ ৩ ইত্যাদি)	
কর্মসূচির পদ্ধতি/ কৌশল (কিভাবে বাস্তবায়িত হবে)	
সময়সীমা (....... হতে .... পর্যন্ত)	
বিভিন্ন স্টেকহোল্ডার সম্পর্কে ধারণা: (প্রস্তাবিত কাজ কাদের কাছে পৌঁছানো হবে, যেমন: শিক্ষার্থী, মিডিয়া, সাংবাদিক, সাংসদ, সাধারণ জনগণ ইত্যাদি)	
মোট জনসংখ্যা (উদাহরণ- নারী/ হিজড়া/ ট্রান্সজেন্ডার/ কিশোরী/ পুরুষ/ ছেলে)	

প্রত্যাশিত তাৎক্ষণিক ফলাফল (নারী ও কিশোরীদের জন্য সুবিধা/ প্রস্তাবিত কাজের ফলাফল কি এবং কেমন হবে বলে মনে করছেন)	
প্রস্তাবিত বাজেট	টাকায়:
কর্মএলাকা (জেলা, উপজেলা, ইউনিয়ন, গ্রাম, সিটি কর্পোরেশন, ওয়ার্ড, থানা ও এলাকার নাম যেখানে আপনি কর্মসূচি বাস্তবায়ন করবেন)	
অভিজ্ঞতার প্রমাণ: সেকশন ৩ ও ৪ এ উল্লেখিত বর্তমান/ পূর্ব অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণ (উদাহরণ: মিডিয়া কাভারেজ, সরকারি/ এনজিও/ গণমাধ্যম থেকে প্রাপ্ত প্রশংসাপত্র, অন্য কোন দাতাসংস্থার অনুদানে কাজ করে থাকলে ইত্যাদি)	
রেফারেন্স ১: (আপনার সাথে কাজ করেছেন এমন এনজিও, দাতাসংস্থা, এজেন্সি অথবা আপনার সম্পর্কে ভালভাবে অবগত এমন দুইজনের নাম ও বিস্তারিত যোগাযোগের ঠিকানা)	
রেফারেন্স ২:	
স্বাক্ষর ও জমাদানের তারিখ:	

বাজেট

(এক্সেলে করতে হবে বা আবেদনকারী প্রস্তাবিত পরিকল্পনার সাথে এমএস ওয়ার্ড ফাইলে করেও জমা দিতে পারবেন)

ক্রমিক নং	বাজেট/ ব্যয়ের খাত (প্রত্যেক কাজের বিপরীতে বাজেট উল্লেখ করুন/ সম্ভাব্য ব্যয়ের খাতের শিরোনাম)	ব্যয়ের হিসাব (ব্যক্তির সংখ্যা/ কর্মসূচির সংখ্যা @ টাকা....)	মোট বাজেট
	সর্বমোট		
স্বাক্ষর ও তারিখ:			

দ্রষ্টব্য: প্রস্তাবিত কর্মসূচি/ ইভেন্ট/ প্রোগ্রাম অনুযায়ী বাজেটটি যুক্তিসঙ্গত ও বাস্তবসম্মত হতে হবে।

৯. এমজেএফ কর্তৃক আবেদনপত্র নির্বাচন ও অনুমোদন প্রক্রিয়া

আবেদনপত্র গ্রহণ	আবেদনপত্র বাছাই	আবেদনকারীর সাথে আলোচনা	এমজেএফ কর্তৃক অনুমোদন	চুক্তি স্বাক্ষর

দ্রষ্টব্য: এমজেএফ এর পক্ষ থেকে সকল বিষয় সরেজমিনে যাচাই করা হতে পারে।

১০. প্রতিবেদন জমাদান

- কর্মসূচি সমাপ্ত হওয়ার ১০ দিনের মধ্যে আবেদনকারী প্রতিষ্ঠান এমজেএফ বরারবর বিস্তারিত প্রতিবেদন জমা দিবেন।
- আবেদনকারী প্রতিষ্ঠান প্রতিবেদন প্রস্তুতের জন্য সরবরাহকৃত টেমপ্লেট/ ছক অনুসরণ করবেন।
- চূড়ান্ত প্রতিবেদন (বর্ণনামূলক প্রতিবেদন এবং ব্যয়ের হিসাব, অংশগ্রহণকারীদের স্বাক্ষর শীট, সচিত্র প্রতিবেদন, ফটোগ্রাফ, অন্যান্য প্রাসঙ্গিক নথি ইত্যাদি), চুক্তি স্বাক্ষরকারী কর্তৃক স্বাক্ষরিত সকল মূল ভাউচার/ রশিদ ইত্যাদি জমা দেবার পর আর্থিক বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি হবে।

দ্রষ্টব্য: সম্মত কাজের প্রকৃতি বিবেচনা করে চুক্তিপত্রে অর্থ প্রদানের বিস্তারিত পদ্ধতি উল্লেখ থাকবে।

১১. প্রতিবেদনের বিষয়বস্তু

১. চুক্তিবদ্ধ আবেদনকারী প্রতিষ্ঠানের নাম
২. ঠিকানা (ডাক, ফোন, ইমেইল)
৩. সমাপ্ত কাজের বিস্তারিত বর্ণনা (কাজের উদ্দেশ্য, কৌশল, কর্মএলাকা, অংশগ্রহণকারী, তাৎক্ষণিক ফলাফল ইত্যাদি)
৪. উপস্থিত মোট জনসংখ্যা
৫. মোট গৃহীত অনুদান/ চুক্তিবদ্ধ অর্থের পরিমাণ
৬. মোট ব্যয়
৭. আকর্ষণীয়/ অনুপ্রেরণাদায়ক গল্প, কেস স্টোরি
৮. কর্মসূচির ছবি, খবরের লিঙ্ক/ মিডিয়ায় প্রকাশিত খবরের ফটোকপি

দ্রষ্টব্য: স্বাক্ষরকৃত প্রতিবেদনের কপি ডাকযোগে অথবা ইমেইলের মাধ্যমে এমজেএফ বরাবর প্রেরণ করতে হবে।

সমাপ্ত